

## শেষ হোক নক্ষত্র জীবন

ভালবাসতে বাসতে আমি তো নিঃশ্ব হয়ে গেছি  
সব ভালবাসা জমেছে তোমার অনিন্দ্য হৃদয়ে  
আলোয় আলোয় ভরে গেছে পৃথিবী তোমার ।

তোমার আকাশে চাঁদ ওঠে, নক্ষত্রেরা খেলা করে  
নীহারিকায় জন্ম নেয় নিত্য নতুন রহস্যের আলো,  
অনিন্দ্য আনন্দে তুমি মুখর হয়ে ওঠো ।

আমি কি তোমার আকাশে নক্ষত্র হতে পারি,  
নিতাল্প পতিত নক্ষত্র কোনও !

অনিন্দ্যা, আমাকে তোমার বাহুতে তুলে নাও  
বুকের উষ্ণতা থেকে আমাকেও কিছু দাও  
চুম্বনে চুম্বনে ঠোঁটের উচ্ছ্বাস এনে দাও  
চোখের আলোয় স্বপ্নের মদিরতা দাও  
শীতল রক্তে চৈত্রের দাহ এনে দাও,

এতো টুকু শক্তি দাও  
যেন শেষ বারের মতো বলতে পারি,  
ভালবাসি, অনিন্দ্যা, তোমাকেই ভালবাসি ।

তারপর, হয় যদি শেষ হোক নক্ষত্র জীবন ।